দৈনিক ইত্তেফাক

তাং 12 NOV 1995
পৃষ্ঠা ৩ কলাম ৪

06

# হোমিও ছাত্র-ছাত্রীদের ৩টি একাডেমিক বছর রক্ষার আহ্বান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গত মঙ্গলবার হোমিও মেডিকেল ছাত্র ঐক্য পরিষদের এক সভায় ডি, এইচ, এম, এস কোর্সের ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের প্রমোশন বহাল এবং অবিলম্বে ১৯৯৪-৯৫ শিক্ষা বর্ষের পরীক্ষা গ্রহণশেষে দ্রুত ফল প্রকাশের দাবী জানান হয়। সভায় ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষের ক্লাস শুরুর মাধ্যমে ২০ হাজার হোমিও ছাত্র-ছাত্রীর ৩টি একাডেমিক বছর রক্ষার আহ্বান জানান হয়। ঐক্য পরিষদের সভাপতি ওবায়দুল

(৪র্থ পৃঃ দ্রঃ)

## হোমিও

(৩য় পৃঃ পর)

হক খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তে দাবী আদায়ের লক্ষ্যে ৬ ও ৭ই নভেম্বর দেশব্যাপী হোমিও কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ, ৯ নভেম্বর ছাত্র-শিক্ষক জমায়েত ও ২১শে নভেম্বর বেলা ১১টায় হোমিওপ্যাথি বোর্ড ঘেরাও ও অবস্থান ধর্মঘটের কর্মসূচী পালনের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান হয়।